**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 23-02-2026** **Time: 1.30 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) নতুন দিল্লির রাষ্ট্রপতি ভবনে 'রাজাজী উৎসব'-এরসূচনা হয়েছে।

২) কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় বিষয়ক মন্ত্রী অমিত শাহ বলেছেন 'ভারত ট্যাক্সির' প্রকল্পের মাধ্যমে চালকদের মালিকানা দেওয়া হয়েছে।

৩) জম্মু কাশ্মীরের কিস্তওয়ার জেলার চাত্‌রু-র দুর্গম এলাকায় নিরাপত্তা বাহিনীর যৌথঅভিযানে, সাত জঙ্গী নিহত হয়েছে।

৪) প্রাক্তন রেল মন্ত্রী তথা রাজ্যসভার সাংসদ মুকুল রায় প্রয়াত।# শোক প্রকাশ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ।

৫) নেপালে বাস দুর্ঘটনায় ১৭ জনের মৃত্যু হয়েছে।

৬) মেক্সিকোতে সাম্প্রতিক অশান্তিরপ্রেক্ষিতে সেখানে বসবাসকারী এদেশের নাগরিকদের জন্য অ্যাডভাইজারি জারি করেছেভারতীয় দূতাবাস।

৭) মুম্বাইতে T-20 বিশ্বকাপ ক্রিকেটের সুপার এইট পর্বের ম্যাচে আজ জিম্বাবোয়ে, শ্রীলঙ্কার মুখোমুখি হবে।

---

নতুন দিল্লির রাষ্ট্রপতি ভবনে আজ রাজাজি উৎসব উদযাপনের সূচনা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর মন কি বাত অনুষ্ঠানে বলেছেন যে রাষ্ট্রপতি ভবনের কেন্দ্রীয় প্রাঙ্গণে ব্রিটিশ স্থপতি এডউইন লুটিয়েন্সের মূর্তির স্থলাভিষিক্ত হবেন স্বাধীন ভারতের প্রথম ভারতীয় গভর্নর-জেনারেল সি. রাজাগোপালাচারীর একটি মূর্তি। শ্রী মোদী সি. রাজাগোপালাচারীকে এমন একজন নেতা হিসেবে প্রশংসা করেছেন যিনি ক্ষমতাকে পদ হিসেবে নয়, বরং সেবার একটি রূপ হিসেবে দেখেছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধকৃষ্ণাণ এবং কেন্দ্রীয় মন্ত্রী।

উপরাষ্ট্রপতি বলেছেন, ওপনিবেশিক ধারার পথ পরিবর্তনের এক গুরুত্বপূর্ণ অধ্যায়ের সূচনা হয়েছে।

-----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সম্প্রতি অনুষ্ঠিত ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট সামিটের প্রশংসা করেছেন। সমাজ মাধ্যমে এক সংস্কৃত সুভাষিত পোস্ট করে তিনি জানান, এই ঐতিহাসিক সম্মেলনে ভারতের সক্ষমতা বিশ্বব্যাপী ব্যাপক প্রশংসিত হয়েছে। প্রযুক্তি ক্ষেত্রে ভারতের যুবসমাজের দূরদর্শী মানসিকতা কীভাবে মানবজাতির জন্য ব্যাপকভাবে উপকারী হতে পারে, এটি তার প্রতিফলন বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী। উল্লেখ্য এআই ইমপ্যাক্ট সামিট ২০২৬ এর সমাপ্তি হয় কৃত্তিম বুদ্ধিমত্তার উপর নিউ দিল্লি ডিক্লারেশন গৃহীত হওয়ার মাধ্যমে। এই ঘোষণাপত্র আন্তর্জাতিক পর্যায়ে কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ে সহযোগিতা জোরদার করার ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে।

------------------

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর "সহকার সে সমৃদ্ধি" সংকল্পের লক্ষ্যে বাস্তবায়ন করা হয়েছে ভারত ট্যাক্সি প্রকল্প। সম্প্রতি কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ ভারত ট্যাক্সি প্রকল্পের সঙ্গে যুক্ত চালক - 'সারথি'দের সঙ্গে এক বিশেষ আলোচনায় মিলিত হন। দেশের প্রথম সমবায় ভিত্তিক এই ট্যাক্সি পরিষেবাটি চালকদের কল্যাণ ও যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে একটি শক্তিশালী প্ল্যাটফর্ম হিসেবে আত্মপ্রকাশ করবে বলে আশা প্রকাশ করা হচ্ছে।

এই পরিষেবায় চালকদের সম্মান জানাতে 'সারথি' বলে সম্বোধন করা হয়। ভারত ট্যাক্সির সবচেয়ে বড় বৈশিষ্ট্য হলো, এখানে চালকদের কোনো কমিশন দিতে হয় না, বরং লাভের অংশীদার হওয়ার সুযোগ থাকে। চালকদের অভাব-অভিযোগ শোনার জন্য বোর্ড অফ ডিরেক্টরসে তাঁদের প্রতিনিধি রাখা হয়েছে। এছাড়া সারথিরা বিমা ও সহজ ঋণ পরিষেবাও পাচ্ছেন। মহিলা যাত্রীদের নিরাপত্তার কথা মাথায় রেখে এতে যুক্ত করা হয়েছে 'সারথি দিদি'। যার মাধ্যমে মহিলারা চালক হিসেবে নারী সারথিকেই বেছে নিতে পারবেন। সমবায় আন্দোলনের এই নতুন মডেলটি চালক ও যাত্রী উভয়ের জন্যই এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে মনে করা হচ্ছে।

------------------

জম্মু-সেনাবাহিনীর হোয়াইট নাইট কোর আজ জানিয়েছে, কিশতেওয়ার জেলার চাতরু এলাকায় ৩২৬ দিনের দীর্ঘ যৌথ অভিযানে ৭ জন সন্ত্রাসীবাদী নিহত হয়েছে। হোয়াইট নাইট কোর এই অভিযানকে 'দুঃসাহসী' হিসাবে বর্ণনা করে বলেছে, কিশতওয়ারের দুর্গম ভূখণ্ড এবং প্রতিকূল আবহাওয়ায় নিরলস এবং শ্রমসাধ্য

অভিযান চালানো হয়েছে। সেনাবাহিনী জানিয়েছে, হোয়াইট নাইট কোরের সৈন্যরা জম্মু ও কাশ্মীর পুলিশ এবং সিআরপিএফের সঙ্গে একযোগে অ-সামরিক এবং সামরিক গোয়েন্দা সংস্থাগুলির দ্বারা সুসংগঠিত পরিকল্পনার ভিত্তিতে কাজ করেছে। সেনাবাহিনী জানিয়েছে,এই অভিযান সাইফুল্লাহ এবং তার সহযোগীদের নির্মূল করা এই অঞ্চলে সক্রিয় সন্ত্রাসবাদী চক্রের উপর একটি বড় আঘাত।

-----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত ইজরায়েলের সঙ্গে তার স্থায়ী বন্ধুত্বকে গভীরভাবে মূল্য দেয়। ভারত-ইজরায়েলের এই সম্পর্ক দুই দেশের পারস্পরিক আস্থা, উদ্ভাবন এবং শান্তি ও অগ্রগতির প্রতি অংশীদারিত্বের উপর ভিত্তি করে তৈরি। ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর সমাজ মাধ্যমের এক পোস্টের জবাবে, প্রধানমন্ত্রী বলেন, তিনি ভারত ও ইজরায়েলের মধ্যে শক্তিশালী বন্ধনের পাশাপাশি দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের বৈচিত্র্যময় প্রকৃতি সম্পর্কেও তাঁর সঙ্গে একমত। শ্রী মোদী আরও বলেন, তিনি তার আসন্ন ইসরায়েল সফরের সময় নেতানিয়াহুর সঙ্গে আলোচনার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন।

উল্লেখ্য, এরআগে, সমাজ মাধ্যমের এক পোস্টে, ইসরায়েলের প্রধানমন্ত্রী বলেন, ইজরায়েল এবং ভারতের সম্পর্ক হল দুই বিশ্বনেতার মধ্যে শক্তিশালী বন্ধনের প্রতিফলন। নেতানিয়াহু আরও বলেন, ভারত-ইজরায়েল দুই দেশই, স্থিতিশীলতা এবং অগ্রগতির লক্ষ্যে প্রতিশ্রুতিবদ্ধ দেশগুলিকে ঐক্যবদ্ধ করার চেষ্টা করছে। কৃত্রিম বুদ্ধিমত্তা থেকে শুরু করে আঞ্চলিক সহযোগিতা, প্রতিটি ক্ষেত্রে দুই দেশের মধ্যে অংশীদারিত্ব প্রতিদিন নতুন উচ্চতায় পৌঁছে চলেছে বলেও মন্তব্য করেন তিনি।

-----------------

প্রাক্তন রেল মন্ত্রী তথা রাজ্যসভার সাংসদ মুকুল রায় প্রয়াত। বয়স হয়েছিল ৭১ বছর। একাধিক শারীরিক সমস্যা নিয়ে দীর্ঘদিন ধরেই হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। রাত দেড়টার কাছাকাছি মুকুল রায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বলে তাঁর পুত্র শুভ্রাংশু জানিয়েছেন। তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠাতা সদস্য মুকুল রায়কে একসময় দলে মমতা ব্যানার্জীর পরেই রাখা হত। পরে মতানৈক্যের কারণে তিনি বিজেপিতে যোগ দেন। ২০২১-এর নির্বাচনে কৃষ্ণনগর উত্তর কেন্দ্র থেকে বিজেপির টিকিটে নির্বাচিত হয়েছিলেন তিনি। পরে ফের তৃণমূল কংগ্রেসের যোগ দিলেও, বিধায়ক পদ থেকে ইস্তফা দেননি। তাঁর বিধায়ক পদ খারিজের মামলা আদালত পর্যন্ত গড়ায়। হাইকোর্ট মুকুল রায়ের বিধায়ক পদ খারিজ করলেও, সেই সিদ্ধান্তের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেয় সুপ্রিম কোর্ট।

-----------------

মেক্সিকোর বিভিন্ন স্থানে চলতে থাকা নিরাপত্তা অভিযান, সড়ক অবরোধ এবং অপরাধমূলক কার্যকলাপের প্রেক্ষিতে সেদেশে অবস্থিত ভারতীয় দূতাবাস আজ সেখানে বসবাসকারী নাগরিকদের জন্য একটি নির্দেশিকা জারি করেছে। সতর্কতা গ্রহণ করার পাশাপাশি নিরাপদ আশ্রয়ে থাকার আহ্বান জানানো হয়েছে ওই নির্দেশিকায়। জরুরি কাজ ছাড়া অপ্রয়োজনে বাইরে বেরোতে নিষেধ করা হয়েছে। সংবাদমাধ্যমে নজর রাখার পাশাপাশি, স্থানীয় কর্তৃপক্ষের নির্দেশ অনুসরণ করার পরামর্শও দেওয়া হয়েছে। জরুরি পরিস্থিতিতে, তাদের 911 নম্বরে কল করার নির্দেশ দিয়েছে দূতাবাস। নাগরিকদের তাদের নিজেদের বাসস্থান এবং শারীরিক স্বাস্থ্য সম্পর্কে ফোন এবং সমাজমাধ্যমে পরিবার এবং বন্ধুদেরকে জানিয়ে রাখার জন্য

ভারতীয় নাগরিকদের পরামর্শ দেওয়া হয়েছে। যেকোনো সহায়তার জন্য দূতাবাসের সঙ্গে +52 55 4847 7539 নম্বরে যোগাযোগ করার কথা বলেছে দূতাবাস।

-----------------

নেপালে বাস দুর্ঘটনায় অন্তত ১৭ জন যাত্রীর মৃত্যু হয়েছে। গুরুতর জখম আরো ২৬। রাত দেড়টা নাগাদ পোখরা থেকে কাঠমাণ্ডু যাওয়ার সময়ে একটি যাত্রিবোঝাই বাস ধাদিং জেলায় ত্রিশূলী নদীতে পড়ে গেলে এই দুর্ঘটনা ঘটে। বাসে ৪৪ জনেরও বেশি যাত্রী ছিলেন বলে জানা গিয়েছে। দুর্ঘটনাগ্রস্থ বাসটিতে ২ জন বিদেশী নাগরিক ও ছিলেন।

-----------------

কেন্দ্রীয় জাহাজ ও জলপথ বিষয়ক মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ প্রায় এক হাজার পাঁচশ কোটি টাকার বন্দর প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। এই প্রকল্পগুলির মধ্যে উল্লেখযোগ্য হলো সামুদ্রিক ঐতিহ্য সংক্রান্ত সংগ্রহশালা, আট মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন বায়ুচালিত শক্তি প্রকল্প এবং পাঁচ মেগাওয়াট ব্যাটারি চালিত শক্তি মজুত ব্যবস্থাপনা। মন্ত্রী কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি সংক্রান্ত একটি প্রকল্পেরও সূচনা করেন।

-----------------

মার্কিন যুক্তরাষ্ট্রের,উত্তর-পূর্বাঞ্চলে তীব্র শীতকালীন ঝড়ের প্রভাবে জনজীবন বিপর্যস্ত। ওয়াশিংটন থেকে বোস্টন পর্যন্ত বড় শহরগুলিতে স্বাভাবিক কাজকর্ম বন্ধ। ভারী তুষারপাত এবং তীব্র হাওয়া চলতেথাকায় ভ্রমণ নিষেধাজ্ঞা, স্কুল বন্ধ এবং প্রচুর বিমান বাতিল করা হয়েছে।

জাতীয় আবহাওয়া পরিষেবা উত্তর মধ্য-আটলান্টিক এবং উত্তর-পূর্বাঞ্চলে প্রচন্ড শীতকালীন ঝড়ের সতর্কবার্তা দিয়েছে। বেশ কিছু অঞ্চলে ভারী তুষারপাতের সম্ভাবনা রয়েছে। নিউ ইয়র্ক সিটি গত সন্ধ্যা থেকে ভ্রমণ নিষেধাজ্ঞা জারি করেছে। মেয়র জোহরান মামদানি বলেছেন যে গত এক দশকের মধ্যে শহরে এমন ভয়ংকর ঝড় হয়নি। ওয়াল স্ট্রিট জার্নাল জানিয়েছে যে গতকাল এবং আজ প্রায় ৮,০০০ ফ্লাইট বাতিল করা হয়েছে, প্রধানত বোস্টন এবং নিউ ইয়র্কে।

-----------------

ইউক্রেনের ক্ষেপণাস্ত্র হামলায় সীমান্তবর্তী রাশিয়ার বেলগোরোড অঞ্চলে শক্তি ও জ্বালানি পরিকাঠামোর মারাত্মক ক্ষতি হয়েছে। বিদ্যুৎ এবং জল সরবরাহ ব্যাপকভাবে ব্যাহত। স্থানীয় প্রশাসনিক আধিকারিক ভিয়াচেস্লাভ গ্ল্যাডকভ বলেছেন, জ্বালানি পরিকাঠামোর মারাত্মক ক্ষতি হওয়ার ফলে স্থানীয় ক্ষতিগ্রস্থ এলাকায় বিদ্যুৎ, জল সরবরাহে ব্যাঘাত ঘটছে। সীমান্ত থেকে ৪০ কিলোমিটার দূরে বেলগোরোড শহর এবং আশেপাশের এলাকা বারবার ইউক্রেন সেনার আক্রমণের শিকার হয়েছে।

-----------------

আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে গতকাল টি -২০ বিশ্বকাপ ক্রিকেটের সুপার এইট পর্বে তাদের প্রথম ম্যাচে ভারত দক্ষিণ আফ্রিকার কাছে ৭৬ রানে পরাজিত হয়েছে। টি -২০ বিশ্বকাপের ইতিহাসে এটি ভারতের সর্বাধিক রানের ব্যবধানে পরাজয়। দক্ষিণ আফ্রিকা টসে জিতে প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেটে ১৮৭ রান তোলে। ডেভিড মিলার ৬৩, দেওয়াল্ড ব্রেভিস ৪৫ রান করেন, ট্রিস্টান স্টাবস ৪৪ রানে অপরাজিত থাকেন। জশপ্রীত বুমরাহ তিনটি এবং অর্শদীপ সিং দুটি উইকেট নেন। জবাবে, ভারত ১৮ ওভার ৫ বলে ১১১ রানে অলআউট হয়ে যায়। শিবম দুবে ৪২

রান করেন। মার্কো জানসেন চার, কেশব মহারাজ তিনটি করে উইকেট নেন। ডেভিড মিলার ম্যাচের সেরা নির্বাচিত হয়েছেন।

চেন্নাইতে, বৃহস্পতিবার, ভারত তাদের সুপার এইট পর্বের দ্বিতীয় ম্যাচে জিম্বাবোয়ের মুখোমুখি হবে।

------------------ ------------------